

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বিস্ফোরক পরিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.explosives.gov.bd
dhaka@explosives.gov.bd

স্মারক নম্বর: ১৪০-২(ঘ)-১২৮৯/৪৮৮৬

তারিখ: ২৪/০৭/২০২৫খ্রি.

বিষয়: লিন্ডে বাংলাদেশ কর্তৃক চট্টগ্রাম জেলার পৌচশাইল থানাধীন ১৩৩/১৪৪, বায়েজিদ বোস্তামি রোড, পূর্ব নাসিরাবাদ প্রাঙ্গণে গ্যাসাধার নির্মাণ সম্পন্নতার ওপর কারিগরী মতামত প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সম্মানের সাথে জানানো যাচ্ছে যে, বিষয়ে উক্ত স্থানে লিন্ডে বাংলাদেশ লি: কর্তৃক ৩০,০০০ লি: সম্বলিত অক্সিজেন এবং ৫,৯৪০ লিটার সম্বলিত নাইট্রোজেন এর গ্যাসাধার নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। এক্ষণে, উক্ত নির্মাণ সম্পন্ন অবকাঠামো/মালামাল/যন্ত্রপাতি ইত্যাদি বিষয়ে গ্যাসাধার বিধিমালা ১৯৯৫ এর বিধি ৩৩ অনুযায়ী গ্যাস মজুদ শুরুর পূর্বে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক “নিরাপত্তা সংক্রান্ত প্রত্যয়নপত্র” দাখিলের বিধান আছে। এ বিষয়টি জনসাধারণ তথা উক্তস্থানে ব্যবহারকারী ও সরবরাহকারীর নিরাপত্তা নিশ্চিতের জন্য অপরিহার্য। এছাড়া বিধি ৩১(৩)(ক) অনুযায়ী ব্রিটিশ স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন নম্বর ৫৩৪৫ এর শর্তাবলি প্রযোজ্য হবে এ বিষয়টিও সুনিশ্চিত করা প্রয়োজন। এ আলোকে, আপনার স্বনামধন্য প্রতিষ্ঠানের মেকানিক্যাল/ইলেক্ট্রিক্যাল/সিভিল বিভাগের বিশেষজ্ঞ মতামত নেয়া জরুরী। এ কার্য সমাধাকল্পে প্রযোজ্য ফি আবেদনকারী প্রতিষ্ঠান লিন্ডে বাংলাদেশ এর পক্ষ থেকে প্রদান করা হবে। এতদসাথে গ্যাসাধার বিধিমালা, ১৯৯৫(৩৫পাতা), নকশা ১ প্রস্থ এবং প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত নির্মাণ সম্পন্ন প্রতিবেদন সংযুক্ত করা হলো।

এমতাবস্থায়, উপরের বর্ণনানুযায়ী নির্মাণ সম্পন্ন সকল প্রকার অবকাঠামো/মালামাল/যন্ত্রপাতি ইত্যাদি আন্তর্জাতিক স্ট্যান্ডার্ড/স্পেসিফিকেশন এবং গুণগত মান সুনিশ্চিত ইত্যাদি বিষয়সমূহের উপর কারিগরি মতামত প্রদানের জন্য নির্দশক্রমে সদয় অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনামতে

স্বাক্ষর

মোঃ ইশরাক উদ্দিন

সহকারী বিস্ফোরক পরিদর্শক, ঢাকা

টেলিফোন: ২২২২২৫২৫৮

ভাইস চ্যান্সেলর

চট্টগ্রাম প্রকৌশলী ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

পহাড়তলী, রাউজান, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ১৪০-২(ঘ)-১২৮৯

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

১। সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। লিন্ডে বাংলাদেশ লিমিটেড, ১৩৩/১৪৪ বায়েজিদ বোস্তামি রোড, পূর্ব নাসিরাবাদ সেলস সেন্টার, থানা: পৌচশাইল, জেলা: চট্টগ্রাম।

তারিখ: ২/০৭/২০২৫খ্রি.

স্বাক্ষর
মোঃ ইশরাক উদ্দিন

সহকারী বিস্ফোরক পরিদর্শক, ঢাকা

টেলিফোন: ২২২২২৫২৫৮